বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

জরুরি

তারিখ: ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.১৩৩

বিষয়: **সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কার্যক্রম ১.২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত ২য় অবহিতকরণ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা এর কার্যক্রম ১.২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ ২য় সভা গত ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ১০:৪৫ ঘটিকায় বিএআরসিতে সরাসরি ও জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৬-১২-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
+৮৮০২-৪১০২৫২৫২

বিতরণ: (কার্যবিবরণীর আলোকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ করা হলো)

১। সদস্য পরিচালক ও পরিচালক, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।;
২। সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং
৩। বিএআরসি'র ইনোভেশন টীম এর সদস্য।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.১৩৩/১ (৩)

তারিখ: ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়;
২। উপসচিব, মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয় এবং
৩। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

২৬-১২-২০২৩
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

সকল সংযুক্তিসমূহ:

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.barc.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর আলোকে ‘সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ২য় সভা’ এর কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি। |
| সভার তারিখ | ঃ | ১৮ ডিসেম্বর ২০২৩। |
| সময় | ঃ | সকাল ১০:৪৫ ঘটিকা। |
| স্থান | ঃ | সভাকক্ষ-১, বিএআরসি এবং জুম প্লাটফর্ম। |
| উপস্থিতির তালিকা | ঃ | পরিশিষ্ট ‘ক |

সভাপতি সরাসরি অংশগ্রহণকারী ও অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার (জনশক্তি ও প্রশিক্ষণ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কার্যক্রম [১.২] অনুসারে ‘সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stekholder) সমন্বয়ে অবহিতকরণ সভা’ আয়োজনের নির্দেশনা আছে। সে অনুসারে বিএআরসি প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিত করার উদ্দেশ্যে ২য় সভার আয়োজন করা হয়েছে।

২। সভাপতি উপস্থিত সকলকে সভার লক্ষ্য, উদ্দেশ্য ও গুরুত্ব সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সরকারি দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, এর মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য হয়, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিএআরসি প্রদত্ত সেবা সম্পর্কে বিএআরসি এর অংশীজনদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিত হওয়া প্রয়োজন। এর ফলে কাউন্সিলের সেবা, সেবা প্রদানের সময়, নির্ধারিত ফি, সেবা প্রদান পদ্ধতি ইত্যাদি বিষয়ে অংশীজনদের স্বচ্ছ ধারণা তৈরী হবে। অতঃপর তিনি জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার (জনশক্তি ও প্রশিক্ষণ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি কে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবিহিত করার অনুরোধ জানান।

৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন বিএআরসি-এর সিটিজেন চার্টারভুক্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা এর আবেদন পদ্ধতি, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সেবা প্রদানের সময়সীমা ইত্যাদি বিষয় উপস্থাপন করেন। সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ; গ্রন্থাগার ও তথ্য সেবা; কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান ইত্যাদি নাগরিক সেবার বিষয়ে তিনি বিশদভাবে উপস্থাপন করেন।

৪। তিনি আরো বলেন, কাউন্সিলের প্রাতিষ্ঠানিক সেবা হিসেবে প্রশিক্ষণ ভেন্যু বরাদ্দ, মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/মতামত/প্রতিবেদন প্রদান; কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন; পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান, বিদেশ প্রশিক্ষণ, কম্পিউটার ল্যাব সুবিধা ও জুম মিটিং সহায়তা ইত্যাদি প্রদান করা হয়। এছাড়াও কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা এর কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অভ্যন্তরীণ সেবা হিসেবে সিপিএফ অগ্রিম/চূড়ান্ত মঞ্জুরী, কল্যাণ তহবিল, গোষ্ঠী বীমা, গ্রাচ্যুইটি, পিআরএল মঞ্জুর, ছুটি নগদায়ন ইত্যাদি প্রদান করা হচ্ছে।

৫। সভাপতি বলেন, কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে বিএআরসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। এখানে সেবা গ্রহীতাদের সেবা গ্রহণে সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা, সেবার মূল্য, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ সংক্রান্ত তথ্য সুনির্দিষ্টভাবে বিবৃত করা রয়েছে।

৬। ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, নির্ধারিত সময়ে সেবা প্রদান নিশ্চিতকরণে ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার বিষয়ে বিএআরসি-এর বিভাগ ও ইউনিট সমূহের সমন্বয়ে সভা আয়োজন করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখার মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে কিনা এবং সেবা প্রদানের ক্ষেত্রে কোন সমস্যা হচ্ছে কিনা তা সভায় আলোচনা করা হয়। এছাড়া সিটিজেন চার্টারভুক্ত সেবাসমূহের বিষয়ে কোন তথ্য হালনাগাদের প্রয়োজন হলে তা সভায় উপস্থাপন করা হয় এবং আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৭। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহবান জানান।

৭.১ সভায় বিএআরসি'র নাগরিক সেবা এর অর্ন্তভূক্ত সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়ার উপর আলোচনা করা হয়। উক্ত সেবার আওতায় ০৫ টি বেসরকারি সেবাগ্রহীতা প্রতিষ্ঠান (১) এসিআই ফার্টিলাইজার লিমিটেড; (২) স্কয়ার ফার্মাসিটিকেলস লিমিটেড; (৩) সিনজেনটা বাংলাদেশ লিমিটেড; (৪) এপেক্স বায়োফার্টিলাইজার এন্ড বায়োপেস্টিসাইড লিমিটেড; এবং (৫) হাইচেম বাংলাদেশ লিমিটেড এর প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

৭.২ এসিআই ফার্টিলাইজার লিমিটেডের সহকারী ব্যবস্থাপক জনাব মো: জাহিদুল ইসলাম বিএআরসি'র 'সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সেবা' পেতে আলাদা সার্ভিস সেল, অনলাইন সেবা ও টেকনিক্যাল কমিটি সভা মৌসুম শুরুর পূর্বে আয়োজনের প্রস্তাব করেন।

৭.৩ এপেক্স বায়োফার্টিলাইজার এন্ড বায়োপেস্টিসাইড লিমিটেড-এর এক্সিকিউটিভ জনাব মো. শামীম সরকার টেকনিক্যাল সাব কমিটির মিটিং এর পূর্বে একাধিক পণ্যের জন্য আবেদন করার ক্ষেত্রে কোন বাধ্যবাধকতা আছে কিনা তা জানতে চান। এর প্রেক্ষিতে তাকে জানানো হয় এমন কোন বাধ্যবাধকতা নেই।

৭.৪ এছাড়া তিনি অনলাইনে যাতে আবেদনের অবস্থা দেখা যায় এমন পদ্ধতি চালু করার বিষয়টি বিবেচনার অনুরোধ করেন।

৭.৫ সিনজেনটা বাংলাদেশ লিমিটেড-এর প্রতিনিধি জনাব মীর তৌহিদুল ইসলাম, সিপি রেগুলেটরী এক্সিকিউটিভ সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সেবাটির ফিল্ড রিপোর্টের জন্য একটি কমন ফরম্যাট তৈরি করে সরবরাহের প্রস্তাব করেন যাতে আবেদনের বিষয়টি আরও সহজ ও নির্ভুলভাবে করা সম্ভব হয়।

৭.৫ ক্রপ কেয়ার ডিভিসন, স্কয়ার ফার্মাসিটিকেলস এর সিনিয়র এক্সিকিউটিভ জনাব মো: হাফিজ আহমেদ অনলানের মাধ্যমে সার বিষয়ক কারিগরি উপ-কমিটির সভার এর অগ্রগতি জানানোর ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। তিনি বিশেষভাবে উল্লেখ করেন আবেদন পরবর্তী ধাপের জন্য নির্বাচিত হয়েছে কি না বা কোন সংশোধন বা পরিমার্জন দরকার কি না ইত্যাদি বিষয় তারা দ্রুততম সময়ে জানতে পারছেন না। তিনি টেকনিক্যাল সাব কমিটি সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত শেয়ার করার অনুরোধ করেন।

৭.৬ হাইচেম বাংলাদেশ লিমিটেড এর প্রতিনিধি জনাব মাসুদ হোসাইন খান, ডিজিএম (প্রোডাক্ট ডেভেলপমেন্ট এন্ড মার্কেটিং) অনলাইনভিত্তিক সার ও সার জাতীয় দ্রব্যেরে বির্নিদেশ নির্ধারণ সেবা চালুর অনুরোধ জানান।

৮। সভাপতি সভায় উত্থাপিত বিষয়গুলো গুরুত্বের সাথে বিবেচনার আশ্বাস প্রদান করেন। তিনি বিশেষ করে সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সেবার ক্ষেত্রে এনএআরএসভূক্ত যে সকল সকল প্রতিষ্ঠানের ল্যাব সুবিধা আছে সে সকল প্রতিষ্ঠানে থেকে দ্রুততম সময়ে নমুনা পরীক্ষার জন্য এ সকল প্রতিষ্ঠানকে আহ্বান জানান। তিনি কৃষি মন্ত্রণালয় ও সার বিষয়ক কারিগরি উপ কমিটির সাথে যোগাযোগ রক্ষা করে বিনির্দেশ প্রক্রিয়া

ত্বরান্বিতকরণে বিএআরসি'র প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগের মৃত্তিকা ইউনিটকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।

৯। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৯.১ | সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়া ত্বরান্বিকরণের জন্য অনলাইনে আবেদন ও আবেদন ট্র্যাকিং প্রক্রিয়া চালুর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | ইনোভেশন টিম, বিএআরসি এবং মৃত্তিকা ইউনিট, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৯.২ | সার কারিগরি উপ-কমিটির সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত অনলাইনে আবেদনকারীদের জানিয়ে দেবার অনলাইন সেবা প্রক্রিয়া চালুর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | মৃত্তিকা ইউনিট, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ ও ইনোভেশন টিম, বিএআরসি |
| ৯.৩ | সার বিষয়ক কারিগরি উপ-কমিটির সাথে যোগাযোগ রক্ষা করে বিনির্দেশ প্রক্রিয়া ত্বরান্বিতকরণ; | মৃত্তিকা ইউনিট , প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৯.৪ | কৃষি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ কেরে সার বিষয়ক কারিগরি উপ-কমিটির সুপরিশ জাতীয় সার প্রমিতকরণ কমিটির কাছে যথাসময়ে প্রেরণ ও সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ; | মৃত্তিকা ইউনিট , প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৯.৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রাতিষ্ঠানিক সেবা প্রদান বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | সকল বিভাগ, ইউনিট ও শাখা, বিএআরসি |
| ৯.৬ | সভার সিদ্ধান্ত/সুপারিশ যথাসময়ে বাস্তবায়ন করা; | সকল বিভাগ, ইউনিট ও শাখা, বিএআরসি |

১০/১২/২০২০

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)
বিএআরসি।